

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৫ (ডোকেশনাল-০১)
এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৪০.৩২.০৮৩.১৩.অংশ-৪. ৪৩৭

তারিখ : ২৪/০৫/২০২৬ খ্রিঃ

বিষয় : কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ এর সামগ্রিক নিরাপত্তা নিশ্চিতকরণে একটি প্রবেশদ্বার রাখা প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ১৬১টি সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজে বর্তমানে বিপুল সংখ্যক শিক্ষার্থী অধ্যয়ন করছে এবং সরকারের মূল্যবান ও ভারী যন্ত্রপাতিসহ ব্যাপক অবকাঠামোগত সম্পদ বিদ্যমান রয়েছে। সাম্প্রতিক সময়ে প্রতিষ্ঠানসমূহের সার্বিক নিরাপত্তা পর্যালোচনা করে দেখা গেছে যে, অনেক প্রতিষ্ঠানে একাধিক প্রবেশদ্বার/পকেট গেট উন্মুক্ত থাকার কারণে অননুমোদিত ব্যক্তির প্রবেশ ও নিরাপত্তা বিঘ্নিত হওয়ার ঝুঁকি রয়েছে।

২. শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক, কর্মচারী, ছাত্র-ছাত্রী ও রাষ্ট্রীয় সম্পদের সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনাসমূহ কঠোরভাবে প্রতিপালন করতে হবে:

একটি মাত্র প্রধান গেট ব্যবহার: প্রতিষ্ঠানের সীমানা প্রাচীরের মধ্যে আসা-যাওয়ার জন্য শুধুমাত্র একটি 'প্রধান গেট' (Main Gate) প্রয়োজনীয় সময় খোলা রাখা।

সিসিটিভি মনিটরিং: প্রধান গেটের আশপাশের এলাকা সার্বক্ষণিক সিসিটিভি (CCTV) ক্যামেরার আওতাভুক্ত রাখতে হবে এবং সিসিটিভি ফুটেজ নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে।

৩. এমতাবস্থায়, বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং প্রতিষ্ঠানের নিরাপত্তার স্বার্থে অপরিহার্য বিধায় অবিলম্বে কার্যকর ব্যবস্থা গ্রহণ করে এ অধিদপ্তরকে অবহিত করার জন্য নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।


মোঃ এনায়েত করিম
সহকারী পরিচালক


প্রাপক : অধ্যক্ষ
সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল)।

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৪০.৩২.০৮৩.১৩.অংশ-৪. ৪৩৭(৪)

তারিখ : ২৪/০৫/২০২৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। পরিচালক (প্রশাসন/পিআইডব্লিউ/পিআইইউ/পরি: ও উন্ন:), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। মহাপরিচালক ঐর ব্যক্তিগত কর্মকর্তা, মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সংরক্ষণ নথি।


মোঃ এনায়েত করিম
সহকারী পরিচালক